জীবননগরে পুকুরে ডুবে মাদরাসা শিক্ষার্থীর মৃত্যু

জীবননগরে পুকুরের পানিতে ডুবে এক মাদরাসা ছাত্রের মৃত্যু হয়েছে। গতকাল সোমবার দুপুর ১ টার সময় জীবননগর পৌর সভার ৩নং ওর্য়াড রাজনগর পাড়ায় এ ঘটনা ঘটে।

নিহত মাদরাসা ছাত্র রাজনগর পাড়ার আঃ জলিলের ছেলে আব্দুল্লাহ (০৯। স্থানীয় সূত্রে জানা গেছে, প্রতি দিনের ন্যায় গতকাল দুপুরে বন্ধুদের সাথে খেলা করছিল, এ সময় বাড়ির পাশে একটি পুকুরের মধ্যে পড়ে যায়।

বন্ধুরা চিৎকার করলে প্রতিবেশীরা ছুটে এসে পানির মধ্যে থেকে গুরুত্বর আহত অবস্থায় মাদরাসা ছাত্র আব্দুল্লাহকে উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েের নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েরর মেডিক্যাল অফিসার ডাঃ পার্থ সারতিপাল বলেন, পানিতে ডুবে যাওয়া বাচ্ছাটি হাসপাতালে নেওয়ার আগেই তার মৃত্যু হয়।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, যেহেতু বাচ্ছাটি পানিতে ডুবে মারা গেছে সে কারণে পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না থাকায় জীবননগর থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

এদিকে সন্তানকে হারিয়ে দিশেহারা হয়ে পড়েছেন মাদরাসা ছাত্র আব্দুল্লাহর পরিবার ।

কুষ্টিয়ায় নারীসহ ৩ মাদক

ব্যবসায়ী আটক

কুষ্টিয়ায় আমদানী নিষিদ্ধ ভারতীয় ফেনসিডিলসহ ৩ মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব-১২।

সোমবার বিকেলে ভেড়ামারা বাসস্ট্যান্ড এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে র্যাব-১২, সিপিসি-১, কুষ্টিয়া ক্যাম্পের একটি আভিযানিক দল এ অভিযান পরিচালনা করে।

এসময় পাবনা সদর উপজেলার তিনগাছা রাজাপুর গ্রামের মৃত রহিম সরকার এর ছেলে মোঃ জিয়া সরকার (৩৫), মোঃ জিয়া সরকারের স্ত্রী মোছাঃ রোজিনা খাতুন (৩২) ও সালগাড়িয়া গ্রামের মৃত-নুর আলম এর ছেলে মোঃ রেজাউল (৪৫) কে আটক করে।

এসময় তাদের কাছে থাকা কয়েকটি ব্যাগ থেকে ৬৭ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। আটককৃতদের বিরুদ্ধে ভেড়ামারা থানায় একটি মাদক মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে নতুন ৩ জন করোনায় আক্রান্ত :: মোট ৫৯৬

মেহেরপুরে নতুন করে আরো ৩ জন করোনায় আক্রান্ত হয়েছেন। তারা সদর-১, গাংনী-১, মুজিবনগর-১। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়িয়েছে ৫৯৬ জনে।

আজ বিকাল মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ১৫ টি রিপোটের মধ্যে ৩ টি পজিটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩৯৫১ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ২৮ (সদর-৯, গাংনী- ১২, মুজিবনগর – ৭) জন।

এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ১৫ জনের। তার মধ্যে সদরে- ৭, গাংনী- ৬, মুজিবনগর- ২)।

সুস্থ্য= ৫০৫ জন, সদর-২৬৯, গাংনী -১৮৭, মুজিবনগর- ৪৯, ট্রান্সফার্ড- ৪৬ জন। (সদর- ৩৩, গাংনী-১২, মুজিবনগর -১)

মেহেরপুরে ৫ দিনের সরকারি সফরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী

করোনা ভাইরাসের কারণে দীর্ঘ সময় পর জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য এবং মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ফরহাদ হোসেন ৫ দিনের সরকারি সফরে মেহেরপুরে আসছেন ।

৫ দিনের এই সফর কালে তিনি মেহেরপুরের বিভিন্ন সরকারি, বেসরকারী ও দলীয় অনুষ্ঠানে অংশ নেবেন। জনপ্রশাসন প্রতিমন্ত্রীর একান্ত সচিব স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

সফরসুচীর মধ্যে রয়েছে আগামী বুধবার বিকাল ৩ টায় ঢাকা বেইলি রোডস্থ সরকারী বাসভবন থেকে পাটুরিয়া ঘাটের উদ্দেশ্যে রওনা হবেন। পাটুরিয়া ঘাট থেকে সড়ক পথে কুষ্টিয়া হয়ে মেহেরপুর নিজ বাসভবনে পৌছাবেন।

পরের দিন বৃহস্পতিবার সকাল ১০: 0০ মিনিটে মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুরে প্রেরণা প্রি ক্যাডেট একাডেমি প্রাঙ্গণে গৃহহীনদের মধ্যে দুর্যোগ সহনীয় বাসগৃহ হস্তান্তর করবেন।

২৫ সেক্টেম্বর শুক্রবার সকাল ১0 টায় মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে কুষ্টিয়া – দর্শনা -চুয়াডাঙ্গা – মেহেরপুর রেল প্রজেক্ট এর উপর উপস্থাপনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে যোগদান করবেন। একই দিন বিকেলে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মুজিববর্ষে “মুজিবচর্চা শত ঘণ্টা “অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

২৬ সেক্টেম্বর শনিবার সকাল ১১ টায় নিজ বাসভবনে দলীয় নেতা

কর্মীদের সঙ্গে সাক্ষাৎ এবং সন্ধ্যা ৬ টায় খুলনার উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করবেন।

মেহেরপুরে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন সম্পর্কে সাংবাদিক অবহিতকরণ সভা

মেহেরপুরে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন ২০২০ সম্পর্কে সাংবাদিকদের সাথে অবহিতকরণ সভা করেছে জেলা সিভিল সার্জন অফিস।

সোমবার বেলা সাড়ে বারোটার দিকে সিভিল সার্জনের অফিস কার্যলয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

সিভিল সার্জন নাসির উদ্দীনের সভাপতিত্বে এ সময় মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন সহ জেলার অনান্য সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন।

আগামী ২৬ তারিখ থেকে ভিটামিন ‘এ’ ক্যাম্পেইন শুরু হবে বলে জানান সিভিল সার্জন নাসির উদ্দীন। এ বছর মেহেরপুর জেলার ৩ উপজেলায় মোট ৬৮৫৭৬ জন শিশুকে ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানো হবে।

এর মধ্যে সদরে- ৬-১১ মাসের শিশুকে ২২৫৫, ১২-৫৯ মাসের শিশুকে ১৭৫৪০। মুজিবনগরে- ৬-১১ মাসের শিশুকে ১১১৩, ১২-৫৯ মাসের শিশুকে ৮৬৩১।

গাংনীতে- ৬-১১ মাসের শিশুকে ৩৮৪১, ১২-৫৯ মাসের শিশুকে ৩০২৬২। পৌরসভায়- ৬-১১ মাসের শিশুকে ৭৯৪, ১২-৫৯ মাসের শিশুকে ৪১৪০।

মেহেরপুরে মানব উন্নয়ন কেন্দ্র মউক’র উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরের আমঝুপিতে এ এল আয়ডি এর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এর উদ্যোগে করোনা ভাইরাসের কারনে কর্মহীন হয়ে পড়া একশত হিজড়া, বামন, সাপুড়ে,
শিল্পি, প্রতিবন্ধী ও হকারদের মাঝে খাদ্য সামগ্রী সহ মাস্ক বিতরণ করেন ।

সোমবার দুপুরে তৃণমূল মডেল একাডেমি চত্তরে মউক এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম এর সভাপতিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক আব্দুল কাদের।

এসময় মউক এর নির্বাহী প্রধান আসাদুজ্জান সেলিম বলেন, করোনা কালীন সময়ের মধ্য দিয়ে মেহেরপুর জেলায় মাস্ক বিতরণ থেকে শুরু করে খাদ্য বিতরণ, মানুষের মাঝে সচেতনা মূলক প্রচারনা, হ্যান্ড স্যানিটাইজার সহ বিভিন্ন র্কায়ক্রম পরিচালনা করেছে।

এসময় বিশেষ অতিথী হিসেবে উপস্থিত ছিলেন, জেলা শিল্পকলা একাডেমির সম্পাদক সাইদুর রহমান।

আরও উপস্থিত ছিলেন, প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন, সাদ মাহাম্মুদ, ফাইমা খাতুন, কাজল রেখা প্রমুখ।

শীতে করোনা পরিস্থিতি আরো খারাপ হতে পারে-

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], ‘[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

সিদ্ধান্ত আমরাই নিয়েছিলাম। আমরা দিয়েছি সব থেকে বেশি। গ্রাম পর্যায় পর্যন্ত মানুষ যাতে ব্যাংকিংয়ে অভ্যস্ত হয়, তার ব্যবস্থাও আমরা নিয়েছি। এমনকি কৃষকদের ১০ টাকায় ব্যাংক অ্যাকাউন্ট খোলার ব্যবস্থাও করে দিয়েছি।’ তিনি বলেন, ‘আমি মনে করি, সব থেকে বড় কথা আমরা যত বড় প্রাইভেট ব্যাংক দিয়েছি, ব্যাপক হারে কর্মস্থান হয়েছে, অনেক মানুষের চাকরি হয়েছে। আর আমাদের ব্যবসা-বাণিজ্যও সম্প্রসারিত হয়েছে। সেখানে ব্যাংকগুলো যাতে ভালোভাবে চলে আমরা সেটাও চাই।’

কোভিড-১৯-এর অভিঘাত থেকে দেশের অর্থনীতিকে মুক্ত রাখতে প্রণোদনা প্যাকেজ ঘোষণাসহ সরকারের আন্তরিক প্রচেষ্টার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ‘আমরা দেশের ব্যবসা-বাণিজ্য ও অর্থনীতিকে সচল রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছি। আমরা প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছি এবং যেখানে যা প্রয়োজন তা-ই দিয়েছি। কারণ জনগণের সেবা করাই আমাদের প্রধান লক্ষ্য।’

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকস (বিএবি)-এর নেতৃত্বে ৩৪টি বাণিজ্যিক ব্যাংক অনুষ্ঠানে ১৬৪ কোটি টাকা, বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট ১০ লাখ টাকা, মিনিস্টার গ্রুপ ২৫ লাখ টাকা, খাদ্য মন্ত্রণালয় ৬০ লাখ টাকা, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ১০ লাখ টাকা, বাংলাদেশ বিচার বিভাগীয় কর্মচারী অ্যাসোসিয়েশন ৪০ লাখ টাকা প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে অনুদান দিয়েছে বলে সরকারপ্রধানের দপ্তর থেকে জানানো হয়।

অনুদান দেওয়া ব্যাংকগুলোর মধ্যে রয়েছে—এবি ব্যাংক লিমিটেড, আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড, ব্যাংক এশিয়া লিমিটেড, ব্র্যাক ব্যাংক লিমিটেড, সিটি ব্যাংক লিমিটেড, ঢাকা ব্যাংক লিমিটেড, ইস্টার্ন ব্যাংক লিমিটেড, এক্সিম ব্যাংক লিমিটেড, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড, ইসলামী ব্যাংক (বিডি) লিমিটেড, যমুনা ব্যাংক লিমিটেড, মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড, মিডল্যান্ড ব্যাংক লিমিটেড, মধুমতি ব্যাংক লিমিটেড, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড, ন্যাশনাল ব্যাংক লিমিটেড, এনসিসি ব্যাংক লিমিটেড, এনআরবি ব্যাংক লিমিটেড, এনআরবি বাণিজ্যিক ব্যাংক লিমিটেড, এনআরবি গ্লোবাল ব্যাংক লিমিটেড, ওয়ান ব্যাংক লিমিটেড, পদ্মা ব্যাংক লিমিটেড, প্রাইম ব্যাংক লিমিটেড, পূবালী ব্যাংক লিমিটেড, এসবিএসি ব্যাংক লিমিটেড, শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড, সাউথইস্ট ব্যাংক লিমিটেড, স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড, ট্রাস্ট ব্যাংক লিমিটেড, ইউনিয়ন ব্যাংক লিমিটেড, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক

লিমিটেড ও উত্তরা ব্যাংক লিমিটেড।

আরো ছয়টি সংস্থা যেমন—খাদ্য মন্ত্রণালয়, ফোসা (ফরেন অফিসার্স স্পাউস অ্যাসোসিয়েশন), রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট অব আর্কিটেক্টস বাংলাদেশ (আইএবি), বাংলাদেশ জুডিশিয়াল এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন প্রধানমন্ত্রীর কল্যাণ তহবিলে অনুদান দিয়েছে। অনুষ্ঠানে বিএবির চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদারসহ অন্যান্য ব্যাংকের মালিক ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-ইত্তেফাক

মেহেরপুর সিভিল সার্জন সম্মেলন কক্ষে এসিতে আগুন

মেহেরপুর সিভিল সার্জনের সম্মেলন কক্ষে এসি আগুন লাগার ঘটনা ঘটেছে। সোমবার সকাল ১১ টার দিকে এ ঘটনা ঘটে। পরে মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি দল এসে আগুন নিয়ন্ত্রণে আনে। এতে কোন হতাহতের ঘটনা ঘটেনি বলে নিশ্চিত করেছেন সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন।

সিভিল সার্জন সুত্রে জানা যায়, সোমবার ১১ টার দিকে সম্মেলন কক্ষের একটি এসিতে হটাৎ করে আগুন ধরে যায়। পরে বিদ্যুতের মেইন সুইচ বন্ধ করে দেওয়া। এসির একাংশ পুড়ে যায়। পরে মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি দল এসে আগুন নিভিয়ে দেয়।

মেপ্র/এমএফআর

চুয়াডাঙ্গা সিভিল সার্জন

কার্যালয়ের স্টোর কিপার পিয়াসের কোটি কোটি টাকা আত্মসাৎ

চুয়াডাঙ্গা সিভিল সার্জন অফিসের স্টোর কিপার হাফিজ বিন ফয়সাল ওরফে পিয়াসের বিরুদ্ধে সরকারী ঔষধ ও চিকিৎসা সামগ্রী খোলা বাজারে বিক্রি করে কোটি কোটি টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। ইতোমধ্যে পিয়াসের বিরুদ্ধে ওঠা গুরুতর সব অভিযোগ আমলে নিয়েছে দুর্নীতি দমন কমিশন। শুরু হয়েছে অনুসন্ধান। অনুসন্ধানের অংশ হিসেবে সম্প্রতি দুদকের সমন্বিত কুষ্টিয়া কার্যালয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালসহ তিনটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্টোর কিপারদের বক্তব্য নেওয়া হয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, চুয়াডাঙ্গা সিভিল সার্জন অফিসে ২০১০ সাল থেকে স্টোর কিপার হিসেবে কর্মরত রয়েছেন হাফিজ বিন ফয়সাল ওরফে পিয়াস। তিনি যোগদানের পর থেকে কেন্দ্রীয় ঔষধাগার থেকে বরাদ্দকৃত ঔষধ ও চিকিৎসা সামগ্রী সদর হাসপাতালসহ তিনটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সরবরাহ করে আসছিলেন। দীর্ঘ বছর ধরে অভিযোগ ওঠে তিনি ঔষধ ও চিকিৎসা সামগ্রী সদর হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সরবরাহ না করে খোলা বাজারে বিক্রি করে কয়েক কোটি টাকা আত্মসাৎ করেছেন। এই অভিযোগের পর দুর্নীতি দমন কমিশন তদন্তের প্রক্রিয়া শুরু করেছে।

স্টোর কিপার পিয়াসের বিরুদ্ধে ওঠা অভিযোগের প্রেক্ষিতে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্টোর কিপারদের বক্তব্য নেয়ার জন্য অনুসন্ধানকারী কর্মকর্তা দিন নির্ধারন করে নোটিশ দেন। সম্প্রতি সদর হাসপাতালের স্টোর কিপার হাদিউজ্জামান, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্টোর কিপার শামসুল হক, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্টোর কিপার হুমায়ুন কবীর ও আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্টোর কিপার জহুরুল হক কুষ্টিয়ার দুদক সমন্বিত কার্যালয়ে তাদের স্ব স্ব বক্তব্য উপস্থাপন করেছেন।

সূত্র জানায়, সিভিল সার্জন অফিসের স্টোর কিপার পিয়াসের কার্যালয় এতটা বছর স্থানীয় উশৃংখল যুবকদের আড্ডা ও নেশাখানা হিসেবে

পরিচিতি পেয়েছে। দিনের বেলাতেও চলে আসছে ফেন্সিডিলের আসর। যাকে তাকে অপমান করাই হচ্ছে পিয়াসের প্রথম কাজ। সিভিল সার্জন অফিসের কেউ প্রতিবাদ করার সাহস পান না। এমনকি সিভিল সার্জনও না। স্টোর কিপার পিয়াসের সব অপকর্ম চোখে দেখেও ভয়ে সবাই না দেখার ভান করে চলেন। সূত্র জানায়, পিয়াস এ পর্যন্ত ৮ থেকে ১০ কোটি টাকা আত্মসাৎ করেছেন। দুর্নীতি দমন কমিশনের তদন্তে সব বেরিয়ে আসবে বলে আশা করছেন সংশ্লিষ্ট সূত্রগুলো।

এ ব্যাপারে সিভিল সার্জন কার্যালয়ের স্টোর কিপার হাফিজ বিন ফয়সাল ওরফে পিয়াস জানান, তার বিরুদ্ধে আনা সব অভিযোগ মিথ্যা।

তিনি বলেন, আমার অফিসের কেউ প্রতিহিংসা পরায়ন হয়ে অথবা বাইরের কেউ হয়রানি করতে দুদকের কাছে এসব অভিযোগ করেছে।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান জানান, এক বছরের বেশী সময় ধরে দুদক মামলাটি অনুসন্ধান করছে। অনুসন্ধানকারী কর্মকর্তা দুদকের উপসহকারী পরিচালক মো. নাসরুল্লাহ হোসাইন গত এক বছরের ঔষধ ও চিকিৎসা উপকরণের প্রাপ্তি ও ক্রয়, সরবরাহ, বিতরণ বিষয়ক প্রয়োজনীয় কাগজপত্র সরেজমিন দেখেছেন এবং বেশকিছু ফটোকপি করে নিয়েছেন।

তিনি বলেন, ঘটনাকাল ২০১৭ সাল। সে সময় সিভিল সার্জনের দায়িত্বে ছিলেন ডা. রওশন আরা বেগম। তিনি এ ব্যাপারে ভাল বলতে পারবেন। তবে অবসরপ্রাপ্ত সিভিল সার্জন ডা. রওশন আরা বেগমের মোবাইলে একাধিকবার রিং করার পরও তিনি রিসিভ করেননি। ফলে তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।

দর্শনায় ২৪ বোতল ফেন্সিডিলসহ ৩ জন আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার ওসি মাহবুবুর রহমানের নেতৃত্বে গতকাল বিকেল সাড়ে ৫ ঘটিকার সময় এস,আই মাজহারুল ইসলাম, এ এস আই মহিউদ্দিন এবং সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে মহিলা সহ ৩ জন

আসামিকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত আসামিরা হলেন মোঃ মোখলেছুর রহমান (৪০) দর্শনার আকন্দবাড়িয়া (তমালতলা) পিতা-মৃত আব্দুর রশিদ, মোছাঃ সালমা খাতুন(৩২) স্বামী মোঃ মোখলেছুর রহমান, গ্রাম আকন্দবাড়িয়া (তমালতলা), মোছাঃ মাছুরা খাতুন (৩৯), স্বামী- মোঃ আবুল কালাম, গ্রাম আকন্দবাড়ী (তমালতলা)।

দর্শনা থানা পুলিশ জানায় ০১ নং আসামির বসত বাড়ির ভিতরে মাদক ক্রয়-বিক্রয় কালে ২৪ (চব্বিশ) বোতল ফেন্সিডিল সহ ০১(এক) জন পুরুষ এবং ০২ (দুই) জন মহিলা কে গ্রেফতার করা হয়।